


মঙ্গল শোভাযাত্রায়

কাইউম পারভেজ



এই জনপদে বৈশাখী মেলা
হাটে বাটে ঘাটে উৎসবে বেলা
কেটে গেছে এক আনন্দ জোয়ারে ।
দুঃখ দৈন্য ভুলে, আত্মার প্রতীতিতে
একাত্ম হওয়া রে ।
সে এক দিন ছিলো সবার ।
শহর চলে গেছে গ্রামে - বৈশাখী মেলায়
নানা নামে নানা ধামে বংশ পরম্পরায় ।

বকুল ফুলকে ডেকেছি সে ও তো কত নামে ।
ছুয়েছি প্রিয়ার হাত, লুকোচুরি জনসমাগমে ।
শহর গেছে গ্রামে বিনিসূতোর মালার বন্ধনে ।
গ্রামের সে মেলা আজ শহর ছাড়িয়ে
আসে প্রবাসের অঙ্গনে ।

আলতা পায়ে অবগুষ্ঠনে গ্রামের সে মেলা
আলতো পায়ে দাঁড়িয়ে আজি শহরেতে ভোর বেলা ।।
শহর থেকে শহরতলী গোলক জুড়ে তাই
নববর্ষের সূচনা সঙ্গীতে আহবান দিয়ে যাই ।

বাঙালি সাজে সেজেছে প্রবাস শহর বন্দর গ্রাম
এক নীলিমায় ছড়িয়ে দেখো মঙ্গলালোকের নাম ।
এতো রঙ এতো শিল্পকলা মিলিবে বল কোথায়
সব সুন্দর একাকার হলো মঙ্গল শোভাযাত্রায় ।
সব সুন্দর সুন্দর হলো বৈশাখী প্রাণ-মেলায় ।
সব সুন্দর সুন্দর হবে মঙ্গল শোভাযাত্রায় ।
এসো মঙ্গল শোভাযাত্রায় ।
মঙ্গল শোভাযাত্রায় ।

